গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
আইসিটি শাখা
www.pmeat.gov.bd

প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টের 'ই-স্টাইপেন্ড ম্যানেজমেন্ট সিস্টেম'-এর কারিগরি সমস্যা নিরসন সংক্রান্ত কমিটির ২য় সভার কার্যবিবরণী

---

| | |
|---|---|
| সভাপতি | কাজী দেলোয়ার হোসেন<br>পরিচালক |
| সভার তারিখ | ০২ মার্চ ২০২২ খ্রি: |
| সভার সময় | বিকাল ৩:০০ ঘটিকা |
| স্থান | ট্রাস্টের সম্মেলনকক্ষে (কক্ষ নং-২১৫) |
| উপস্থিতি | সংযুক্ত-১ |

২.০। সভায় অংশগ্রহণ করার জন্য উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কার্যক্রম শুরু করেন। সভাপতি সভায় অবহিত করেন যে, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট কর্তৃক 'ই-স্টাইপেন্ড ম্যানেজমেন্ট সিস্টেম' সফটওয়্যারের মাধ্যমে ২০১৯-২০, ২০১৮-১৯ ও ২০১৭-১৮ শিক্ষাবর্ষের স্নাতক (পাস) ও সমমান পর্যায়ের শিক্ষার্থীদের নিকট হতে ২০২২ সালের উপবৃত্তির আবেদন অনলাইনে গ্রহণকালে 'ই-স্টাইপেন্ড ম্যানেজমেন্ট সিস্টেম' সফটওয়্যারে উদ্ভুত বিভিন্ন কারিগরি সমস্যা পরিলক্ষিত হওয়ায় তা নিরসনের উপায় নির্ধারণের উদ্দেশ্যে বিভিন্ন সরকারি প্রতিষ্ঠানে কর্মরত সফটওয়্যার বিষয়ে কারিগরি প্রতিনিধিদের নিয়ে একটি কমিটি গঠনপূর্বক উক্ত কমিটির ১ম সভা গত ১৭/০২/২০২২ তারিখে অনুষ্ঠিত হয়। উক্ত সভায় গৃহীত সিদ্ধান্তের আলোকে ট্রাস্টের প্রোগ্রামার এবং সিনেসিস আইটি লিমিটেড বেশ কিছু কার্যক্রম বাস্তবায়ন করায় সন্তোষ প্রকাশ করা হয়। সভাপতির অনুমতিক্রমে ট্রাস্টের প্রোগ্রামার ই-স্টাইপেন্ড ম্যানেজমেন্ট সিস্টেমের কারিগরি সমস্যা নিরসন সংক্রান্ত কমিটির ১ম সভায় গৃহীত সিদ্ধান্তের বিপরীতে সিনেসিস আইটি লি. কর্তৃক সম্পাদিত কাজের অগ্রগতি তুলে ধরেন। সভায় ১ম সভার গৃহীত সিদ্ধান্তসমূহের অগ্রগতি পর্যালোচনা ও আরো কিছু বিষয়ে অধিকতর প্রোগ্রামিং কার্যক্রম গ্রহণের সুপারিশসহ নিম্নোক্ত সিদ্ধান্ত গ্রহণ করা হয়:

| ক্রম: | আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|
| ১. | **সিস্টেম অডিট লগ সংরক্ষণ:**<br>জাতীয় বিশ্ববিদ্যালয়ের পরিচালক (আইসিটি) জনাব মো: মমিনুল ইসলাম সিনেসিস আইটি লি. কে সিস্টেমের অডিট লগ কিভাবে সংরক্ষণ করা হয়েছে তা দেখানোর জন্য অনুরোধ জানান। সিনেসিস আইটি লি. এর জনাব মো: শাহজালাল সিস্টেমের ডাটাবেজ লেভেলে কিভাবে অডিট লগ সংরক্ষণ করা হয়েছে তা সভায় উপস্থাপন করেন।<br>জনাব মো: মোমিনুল ইসলাম পর্যায়ক্রমে ডাটাবেইজের প্রত্যেক টেবিলে কিভাবে চেঞ্জলগ সংরক্ষণ করা হচ্ছে তা পর্যবেক্ষণ করেন। এ ব্যাপারে ট্রাস্টের প্রোগ্রামার বলেন এখানে মূলত: ট্রিগার ফায়ার করে ডাটাবেজের চেঞ্জলগ সংরক্ষণ করা হচ্ছে, যা ডাটাবেজের পরফরম্যান্স কমিয়ে দিতে পারে। এ প্রসঙ্গে অর্থ বিভাগের আওতাধীন আইবাস++ এর সিনিয়র আইটি কনসালটেন্ট জনাব মোহাম্মদ সাইফুল ইসলাম শাহিন বলেন, ডাটাবেজের একটি স্কিমার মধ্যে ট্রানজেকশনাল ডাটা ও লগডাটা রাখা যথোপযুক্ত নয় বিধায় ভিন্ন একটি স্কিমার মধ্যে অডিট লগ সংরক্ষণ করা যেতে পারে। | ডাটাবেজের অডিট লগ ভিন্ন স্কিমার মধ্যে সংরক্ষণ করতে হবে। |

| | | |
|---|---|---|
| ২. | **ই-স্টাইপেন্ড ম্যানেজমেন্ট সিস্টেম অধিকতর ব্যবহারবান্ধবকরণ:** সভাপতি বলেন যে, ২০২২ সালের স্নাতক (পাস) ও সমমান পর্যায়ের শিক্ষার্থীদের উপবৃত্তির আবেদন 'ই-স্টাইপেন্ড ম্যানেজমেন্ট সিস্টেম' এর মাধ্যমে গ্রহণ করা হয়েছে। বর্তমানে সকল শিক্ষা প্রতিষ্ঠান প্রধানগণ ট্রাস্টে শিক্ষার্থীর আবেদন ফরওয়ার্ড করবেন। সভায় উপস্থিত বিশেষজ্ঞ সদস্যগণকে সফটওয়্যারটি পুনরায় নিরাপদে চালু করার ব্যাপারে সকলের মতামত প্রদানের জন্য অনুরোধ করেন। এ বিষয়ে জাতীয় বিশ্ববিদ্যালয়ের পরিচালক (আইসিটি) জনাব মো: মমিনুল ইসলাম বলেন অডিটলগ সঠিকভাবে সংরক্ষণপূর্বক সফটওয়্যারটি চালু করা যেতে পারে। এ বিষয়ে বাংলাদেশ কম্পিউটার কাউন্সিলের এনালিস্ট (সার্টিফিকেশন) জনাব বিশ্বজিৎ তরপদার বলেন সফটওয়্যারটি চালু করা যায় কিন্তু পাশাপাশি বিসিসি'র BGD e-GOV CIRT এর মাধ্যমে Vulnerability Assessment and Penetration Testing (VAPT) টেস্টের দ্রুত ব্যবস্থা করতে হবে। সিনিয়র সিস্টেম এনালিস্ট জনাব মোফাখখারুল ইসলাম এবং আইটি কনসালটেন্ট জনাব মোহাম্মদ সাইফুল ইসলাম শাহিনসহ সকল সদস্য সফটওয়্যারটি চালুর ব্যাপারে ঐক্যমত পোষণ করেন। | ক) ই-স্টাইপেন্ড ম্যানেজমেন্ট সিস্টেম সফটওয়্যারটি আগামী ০৩/০৩/২০২২ তারিখের মধ্যে সিনেসিস আইট লি. চালুকরণের ব্যবস্থা গ্রহণ করবে;<br>খ) ই-স্টাইপেন্ড ম্যানেজমেন্ট সিস্টেম সফটওয়্যারটি টেস্টিং এর পূর্বে Vulnerability Assessment and Penetration Testing (VAPT) টেস্ট করার বিষয়ে আইসিটি শাখা জরুরি ভিত্তিতে উদ্যোগ গ্রহণ করবে। |
| ৩. | **রিয়েলটাইম ডেটা ব্যাকআপ, রিস্টোর সংক্রান্ত:** মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের সিনিয়র সিস্টেম এনালিস্ট বলেন সিনেসিস আইট লি. ডাটাবেজের নিয়মিত যে ব্যাকআপ রাখছেন তা সঠিকভাবে রিস্টোর হয় কি না তার নিয়মিত টেস্ট সার্ভারে রিস্টোর করে দেখতে হবে। তিনি ট্রাস্টের প্রোগ্রামারে নিকট জানতে চান যে, রিয়েলটাইম ডেটা ব্যাকআপ রিস্টোর করার পদ্ধতি সিস্টেমে অন্তর্ভুক্ত করা হয়েছে কিনা। জনাব মো: শাহজালাল এ প্রসঙ্গে বলেন, রিয়েলটাইম ডেটা ব্যাকআপের জন্য সার্ভার প্রস্তুত করা হয়েছে আগামী তিন কর্মদিবসের মধ্যে রিয়েলটাইম ডাটা ব্যাকআপ নিশ্চিত করা হবে। | ক) সিনেসিস আইটি লি. রিয়েলটাইম ডেটা ব্যাকআপ আগামী ০৭/০৩/২০২২ তারিখের মধ্যে নিশ্চিত করবে;<br>(খ) ডেটা ব্যাকআপ রিস্টোর করার বিষয়ে সিনেসিস আইটি লি. নিশ্চিত করবে। |

৩.০। সভাপতি সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ আগামী ০৩/০৩/২০২২ তারিখের মধ্যে বাস্তবায়নপূর্বক সিস্টেম চালুকরণের বিষয়টি সিনেসিস আইটি লি. নিশ্চয়তা প্রদান করবে মর্মে উল্লেখ করেন।

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

কাজী দেলোয়ার হোসেন
পরিচালক

স্মারক নম্বর: ৩৭.২৪.০০০০.০০৫.৩২.০০১.১৯.২৯

তারিখ: ১৮ ফাল্গুন ১৪২৮
০৩ মার্চ ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) পরিচালক (আইসিটি), জাতীয় বিশ্ববিদ্যালয়

২) উপ-পরিচালক, উপ-পরিচালকের দপ্তর, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট

৩) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ

৪) সিনিয়র সিস্টেম এনালিস্ট, ই. এম. আই. এস সেল , মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর

৫) এনালিস্ট (সার্টিফিকেশন), চলতি দায়িত্ব, ডাটা সেন্টার, বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল

৬) সহকারী পরিচালক, উপবৃত্তি শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট

৭) সহকারী পরিচালক, অর্থ ও হিসাব শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট

৮) জনাব মোহাম্মদ সাইফুল ইসলাম শাহিন, আইটি কনসালটেন্ট, স্কীম ফর ইম্প্রুভমেন্ট অব পাবলিক ফাইন্যান্স সার্ভিসেস থ্রু ইমপ্লিমেন্টেশন অব বিএসিএস অ্যান্ড আইবাস++, স্ট্রেনদেনিং পাবলিক ফাইন্যান্স ম্যানেজমেন্ট প্রোগ্রাম টু এনাবেল সার্ভিস ডেলিভারি (SPFMS)

৯) জনাব মোঃ শাহ জালাল, হেড অব সফটওয়্যার ডেভেলপমেন্ট এন্ড ইপ্লিমেন্টেশন, সিনেসিস আইটি লিমিটেড, কাওরান বাজার, ঢাকা

১০) ব্যক্তিগত সহকারী, পরিচালকের দপ্তর, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট

১১) প্রোগ্রামার , আইসিটি শাখা , প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট

রাজিবুল হাসান
প্রোগ্রামার